

প্রতিবাদে ক্লাস বর্জন বিক্ষোভ  
রংপুর মেডিকেল ছাত্রীদের  
ওপর ছাত্রলীগের হামলা

জেলা বার্তা পরিবেশক রংপুর

ছাত্রলীগ নেতার বান্ধবীর সঙ্গে টেলিভিশন দেখা নিয়ে কচসারকে কেন্দ্র করে ছাত্রলীগ নেতাকর্মীরা রংপুর মেডিকেল কলেজের ছাত্রীদের হোস্টেলে হামলা সিনিয়র ছাত্রীদের লক্ষিত করেছে। এ ঘটনার প্রতিবাদে সোমবার দুপুরে রংপুর মেডিকেল কলেজের শিক্ষার্থীরা ক্লাস বর্জন করে বিক্ষোভ করেছে কলেজ ক্যাম্পাসে। তারা দায়ীদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়ার দাবিতে কলেজের অধ্যক্ষের কার্যালয় ঘেরাও করে। ২৪ ঘণ্টার মধ্যে দায়ীদের বিরুদ্ধে ব্যবস্থা না নিলে মাধ্যমিক ক্লাস বর্জনসহ আরও কঠোর আন্দোলন ঘোষণা করার আশ্বাস প্রদান দিয়েছেন তারা। পুলিশ ও প্রত্যক্ষদর্শীরা জানায় সোমবার রাতে রংপুর মেডিকেল কলেজ ক্যাম্পাসে অবস্থিত ছাত্র হোস্টেলে টেলিভিশন দেখার সময় চ্যানেল পরিবর্তন করার ঘটনাকে কেন্দ্র করে ৪১তম ব্যাচের এক ছাত্রী নুসরাত জাহান আশার সাথে ৪১তম ব্যাচের ছাত্রীদের কথাকাটাকাটি হয়। ৪১তম ব্যাচের ওই শিক্ষার্থী মেডিকেল কলেজ হস্ত গীণের

সভাপতি মানুদুর রহমান ফিভের বাস্তবী হওয়ায় খবর পেয়ে ছাত্রলীগ নেতার নেতৃত্বে তার সহযোগীরা মেয়েদের হোস্টেলে গিয়ে ৪১তম ব্যাচের শিক্ষার্থীদের অশালীন ভাষায় গালাগালি ও লক্ষিত করে। এ ঘটনার প্রতিবাদে দায়ী ছাত্রলীগ নেতা ও তার সহযোগীদের বিরুদ্ধে ব্যবস্থা হইশের দাবিতে কলেজের সব শিক্ষার্থী ক্লাস বর্জন করে অধ্যক্ষের কার্যালয় ঘেরাও করে বিক্ষোভ করে। তারা ২৪ ঘণ্টার আশ্বাস প্রদান করে দায়ীদের ব্যবস্থা দেয়ার দাবি জানায়।

এ ঘটনায় কলেজের অধ্যক্ষ অধ্যাপক ডা. আবদুর রউফ ৪ সদস্য বিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করার নির্দেশ দেন। কমিটির প্রতিবেদন পাওয়ার পর ব্যবস্থা নেয়ার আশ্বাস দেন। তবে শিক্ষার্থীরা ২৪ ঘণ্টার মধ্যে ব্যবস্থা নেয়ার দাবি জানিয়ে বিক্ষোভ অব্যাহত রেখেছে। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে ক্যাম্পাসে পুলিশ মোতায়েন করা হয়েছে। কলেজের অধ্যক্ষ জানান তদন্ত কমিটির রিপোর্ট পাবার পর দায়ীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে।